পশ্চিমবঙ্গ সরকার
তথ্য ও সংস্কৃতি বিভাগ
জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিকের করণ, বাঁকুড়া
ঠিকানা ঃ স্কুলডাঙ্গা, গান্ধীবিচার পরিষদ, বাঁকুড়া, পিন-৭২২১০১
যোগাযোগ - (০৩২৪২) ২৫১০৭৫
Email : dicobankura@gmail.com

Government of West Bengal
Department of Information & Cultural Affairs
Office of the District Information & Cultural Officer, Bankura
Address : Schooldanga, Gandhi Vichar Parishad, Bankura, Pin-722101
Phone (03242) 251075, Email : dicobankura@gmail.com

স্মারক সংখ্যা ৭৯২/ ৫ /জে.ত.স.আ./বাঁকুড়া তারিখ : ২১/ ১১/২০১৯
Memo No. ..... /DICO/BNK Date : ...../...../20.....

To A. Acharya A.D.I.(Spl) 22.11.19

1492/Cont/S
25.11.19

প্রতি,
১) সভানেত্রী, জেলা প্রাথমিক বিদ্যালয় সংসদ, বাঁকুড়া,
২) জেলা বিদ্যালয় পরিদর্শক, (মাধ্যমিক), বাঁকুড়া,
৩) জেলা বিদ্যালয় পরিদর্শক, (প্রাথমিক), বাঁকুড়া,

বিষয় : 'বাংলা মোদের গর্ব' - সাংস্কৃতিক প্রতিযোগিতা

মহাশয়/মহাশয়া,

আপনার অবগতির জন্য জানাই যে, তথ্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে এবং বাঁকুড়া জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরের ব্যবস্থাপনায় আগামী ৬-৮ ডিসেম্বর, ২০১৯, বাঁকুড়া রবীন্দ্রভবন প্রেক্ষাগৃহে 'বাংলা মোদের গর্ব' শীর্ষক একটি বর্ণময় সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

বিভাগীয় নির্দেশিকা অনুসারে এই অনুষ্ঠানের প্রাক্কালে আগামী ৩রা ডিসেম্বর, ২০১৯, সকাল ১১:০০টায় বাঁকুড়া স্কুলডাঙ্গায় অবস্থিত গান্ধী বিচার পরিষদের সভাকক্ষে বাঁকুড়া জেলার অর্ন্তগত সমস্ত প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় এবং মহাবিদ্যালয়/বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে যথাক্রমে একক আবৃত্তি, সমবেত সঙ্গীত এবং সমবেত নৃত্য প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

এছাড়া, প্রশ্নোত্তর প্রতিযোগিতা আগামী ৬ই ডিসেম্বর, ২০১৯, দুপুর ১:০০টায় বাঁকুড়া রবীন্দ্রভবন প্রেক্ষাগৃহে অনুষ্ঠিত হবে।

সাংস্কৃতিক প্রতিযোগিতাগুলির বিস্তারিত বিবরণ :

প্রতিযোগিতার বিষয়	অংশগ্রহণকারীদের বয়সসীমা	অনুমোদিত কবিতা / গান / বিষয়
একক আবৃত্তি	প্রথম থেকে চতুর্থ শ্রেণী	কোন দেশেতে তরুলতা / বাংলার রূপ আমি দেখিয়াছি / মোরা একই বৃন্তে দুটি কুসুম
প্রশ্নোত্তর (৩ জনের দল)	পঞ্চম থেকে অষ্টম শ্রেণী (প্রতি শ্রেণী থেকে এক জন করে)	মূলত পশ্চিমবঙ্গ এবং সরকারী পরিকাঠামো
সমবেত সঙ্গীত (২ জন যন্ত্রশিল্পীসহ সর্বাধিক ১০ জনের দল)	নবম থেকে দ্বাদশ শ্রেণী	বাংলার মাটি বাংলার জল / ধনধান্য পুষ্পভরা

বাঁকুড়া জেলার অর্ন্তগত সমস্ত মাধ্যমিক এবং প্রাথমিক বিদ্যালয়কে এই বিষয়ে অবহিত করার জন্য আপনাদের নিকট যথাযথ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার অনুরোধ জানানো হল।

আগামী ২৫শে নভেম্বর, ২০১৯ (সোমবার) থেকে ২৯শে নভেম্বর ২০১৯ (বৃহস্পতিবার) সকাল ১১:৩০টা থেকে বিকাল ৪:০০টা পর্যন্ত প্রতিযোগীদের নাম সম্বলিত চিঠি বাঁকুড়া স্কুলডাঙ্গায় অবস্থিত গান্ধী বিচার পরিষদের চতুর্থ তলে বাঁকুড়া জেলা তথ্য ও সংস্কৃতি দপ্তরে জমা নেওয়া হবে। প্রতিযোগিতায় নাম জমা দেওয়ার শেষ তারিখ ২৯শে নভেম্বর বিকেল ৪:০০টা।

প্রসঙ্গত জানাই, একক আবৃত্তি, সমবেত সঙ্গীত এবং সমবেত নৃত্য প্রতিযোগিতার বিজয়ী প্রতিযোগীরা ৬ই ডিসেম্বর, বাঁকুড়া রবীন্দ্রভবন প্রেক্ষাগৃহে 'বাংলা মোদের গর্ব' অনুষ্ঠান উদ্বোধনের দিন মঞ্চে একক/দলগতভাবে তাদের অনুষ্ঠান পরিবেশন করার সুযোগ পাবেন।

আশা করি, আপনাদের সকলের সহযোগিতায় সাংস্কৃতিক প্রতিযোগিতাগুলি সাফল্যমণ্ডিত হবে।

ধন্যবাদসহ,

২১/১১/১৯
(অরুণাভ মিত্র)
জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক
বাঁকুড়া

স্মারক নং - ৭৯২/ ১(.....)/জে.ত.স.দ./বাঁকুড়া, তারিখ - ২১/১১/২০১৯
অনুলিপি অবগতির জন্য দেওয়া হল :
মাননীয়/মাননীয়া, প্রধান শিক্ষক/প্রধান শিক্ষিকা .....

২১/১১/১৯
(অরুণাভ মিত্র)
জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক
বাঁকুড়া

স্মারক:- 3111/S দিনাঙ্ক:- 26.11.2019.

Receipt content not verified

লাবের অনুলিপি জেলার অন্তর্গত সকল ধরনের বিদ্যালয়ে প্রধান/ভারপ্রাপ্ত শিক্ষক শিক্ষিকাদেরকে তাদের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হোল।

Inspector of Schools (S.E.)